দৈনিক সংবাদ

তারিখ 29 AUG 1998

পৃঃ ২ কলাম ৫

# শিক্ষা মন্ত্রণালয়ের নোটিশ অচল বলে ঘোষণা করেছে হাইকোর্ট

শিক্ষা মন্ত্রণালয়ের একটি পাবলিক নোটিফিকেশনকে হাইকোর্ট অচল, বেআইনি মৌলিক অধিকার ও ন্যায়-বিচারের পরিপন্থী বলে ঘোষণা করেছেন। ওই নোটিফিকেশনে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাথে অপর ১৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বৈষম্য সৃষ্টি করা হয়েছিল।

গতকাল বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের ডিভিশন বেঞ্চের বিচারপতি এএম মাহমুদুর রহমান ও বিচারপতি মোহাম্মদ মোজাম্মেল হোসেন ওই বিশ্ববিদ্যালয়ের ৫ জন ছাত্রের দায়ের করা রিট পিটিশনের পরিপ্রেক্ষিতে এ রায় দেন।

শিক্ষা মন্ত্রণালয়ের গেজেট নোটিফিকেশনকে (স্মারক নং ১৪/১ বাবি ০৪/৯৭/৫; তারিখঃ ৬-৩-৯৭) চ্যালেঞ্জ করে হাইকোর্টে দায়ের করা রিট পিটিশনে বলা হয়, ওই নোটিফিকেশনের মাধ্যমে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাথে দেশের অপর ১৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বৈষম্য সৃষ্টি করা হয়। এছাড়া জনগণকে ভুল ধারণা দিয়ে বিশ্ববিদ্যালয়ে ছাত্র ভর্তি না করার জন্য প্ররোচিত করা হয়।